## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে আশ্বিন বুধবার ১৩৬০ ইংরাজী 7th Oct, 1953 | ২১শ সংখ্যা






## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

**নূতন বীমা**
**১৬,৩৮,৭৯,২৯৮৲**

| | |
|---|---|
| মোট চল্‌তি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৯৭,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২০শে আশ্বিন বুধবার সন ১৩৬০ সাল

## মহালয়া

—•—

আজ পিতৃপক্ষের তর্পণ শেষ হইল। হিন্দুকুলে জন্ম লইয়া, কৃতবিদ্য হইয়াও যিনি বলেন—আমি হিন্দু সংস্কৃতি বলিয়া কিছু আছে, একথা বিশ্বাস করি না, তাঁহার মত ব্যক্তিগণের নিকট নিবেদন করি—পিতৃপক্ষে যে হিন্দুদের তর্পণ করার ব্যবস্থা আছে, তাহাতে শুধু নিজের পিতৃপুরুষগণের নামে তাঁহাদের তৃপ্তির জন্যই জলাঞ্জলি দিয়া তাঁহারা নিরস্ত থাকেন না। দেবতা, মুনি, পিতৃকুলসম্ভূত, মাতামহ বংশের পরলোকগতগণ, বন্ধু, অবন্ধু, যে অন্য জন্মে বন্ধু ছিল, তাহাদের নাম উল্লেখ করিয়া অঞ্জলি প্রদানের ব্যবস্থা আছে। দ্বাপর যুগে কুরুক্ষেত্র যুদ্ধে মহাত্যাগী নিঃসন্তান ভীষ্মদেবকে তাঁহার তৃপ্তির জন্য অঞ্জলি প্রদান করিয়া ত্যাগীর সম্মান দেখাইয়া নিজেরা তৃপ্তি লাভ করে। পরকে আপন করা ধর্ম্মের অঙ্গীভূত সংস্কার কত উদার এই সব হিন্দু নামধারী হিন্দুদ্বেষী মহাপুরুষগণকে ভাবিয়া দেখিতে অনুরোধ করি।

---

## মহাত্মা গান্ধীর জন্ম তারিখ

—•—

গত ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মতারিখ—জন্মতিথি বলা ঠিক নয়। যে তিথিতে তিনি ভূমিষ্ঠ হইয়াছিলেন, সেই তারিখের পঞ্জিকা দেখিয়া জন্মক্ষণে কি তিথি ছিল, তাহা না দেখিয়া জন্মতিথি নির্ণয় করা সুকঠিন। তাঁহার ভূমিষ্ঠ হওয়ার ইংরাজী তারিখ অনুসারে তাঁহার আবির্ভাব দিবস অনুষ্ঠিত হইয়া থাকে। এইভাবে ভারতীয় সকল স্মরণীয় মহাপুরুষগণের জন্মতারিখকে জন্মতিথি উল্লেখে ব্যবহার করা হয়। সারা ভারতে আপামর সাধারণের মহাত্মাজীর জন্মের ইংরাজী তারিখটিকে পুণ্যতিথি বলিয়া উদ্‌যাপন করা কতদূর ঠিক তাহা স্বাধীন মনোবৃত্তি-সম্পন্ন মনীষিগণই বিচার করিবেন।

ভারতের অধীনতাশৃঙ্খল ছেদনে নিরস্ত্র পরাধীন জাতির অহিংস অসহযোগ উদ্ভাবন করিয়া পরাধীন জাতির স্বাধীন হইবার এক অভিনব পন্থা তিনি ভারতবাসীর সম্মুখে উপস্থাপিত করিয়া সমগ্র জগৎকে চমৎকৃত করিয়া গিয়াছেন। ভারতের অঙ্গচ্ছেদ তাঁহার ঘোর আপত্তি সত্ত্বেও হওয়াতে "মুখরস্তত্রহন্যতে" এই বাক্যের কদর্থের জন্য এই অদ্বিতীয় মহাপুরুষকে আততায়ীর হস্তে নিহত হইয়া ধরাধাম ত্যাগ করিতে হইয়াছে। যতই তাঁহার আবির্ভাব দিবস বা তিরোভাব দিবস উদ্‌যাপন করা হউক না কেন ভারতের এ কলঙ্ক মুছিবার নয়। আরও দুঃখের কথা বিকৃতমস্তিষ্ক আততায়ীর দল তাঁহার নশ্বর দেহ নষ্ট করিয়া দিয়াছে। মহাত্মাজীর শিষ্য ও ভক্ত বলিয়া যাঁহারা নিজেদের পরিচয় প্রদান করেন, তাঁহারা যখন বাপুজীর আদর্শ ও উপদেশ উপেক্ষা করিয়া স্বার্থের দিকে মনপ্রাণ নিয়োগ করেন, তখন মনে হয় ইঁহারা যেন মহাত্মাজীর অবিনশ্বর আত্মাকে প্রতিনিয়ত অস্ত্রাঘাত করিয়া আততায়ী অপেক্ষা গুরুতর যন্ত্রণা প্রদান করিতেছেন। এখানে স্বীকার না করিলে নেহাৎ অকৃতজ্ঞতা দেখান হইবে, যে মহর্ষি বিনোবা ভাবে, বাঙলার রাজ্যপাল ডাঃ হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় প্রমুখ কতিপয় স্বার্থত্যাগী মানব সত্যসত্যই মহাত্মাজীর উপদেশ পালন করিয়া তাঁহার আত্মার প্রতি সম্মান প্রদর্শন করিতেছেন। নইলে "লোক দেখিয়ে কাঁদে আর টাকার পুঁটুল বাঁধে" এইরূপ ভক্তের সংখ্যাই বেশী। আমরাও মহাত্মাজীর অমর আত্মার উদ্দেশে অবনত মস্তকে শ্রদ্ধা নিবেদন করিতেছি।

---

## মুর্শিদাবাদ জেলা রাষ্ট্রভাষা প্রচার সমিতি

জঙ্গিপুর শাখা—দ্বিতীয় সেসন

মুর্শিদাবাদ জেলা রাষ্ট্রভাষা প্রচার সমিতি পরিচালিত জঙ্গিপুর রাষ্ট্রভাষা শিক্ষণ কেন্দ্রগুলির দ্বিতীয় সেসনের উদ্বোধন গত রবিবার ৪ঠা অক্টোবর জঙ্গিপুর কলেজ হলে, মাননীয় মহকুমা শাসক শ্রীসুবোধকুমার ঘোষ I.A.S. মহোদয়ের সভাপতিত্বে মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। মাননীয় শ্রীভবরঞ্জন দে, অধ্যক্ষ জঙ্গিপুর কলেজ প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। জেলা রাষ্ট্রভাষা সংগঠক শ্রীরামবিলাস উপাধ্যায় নিজ বিবরণীতে এই মহকুমায় রাষ্ট্রভাষা প্রচারের উন্নতির উল্লেখ করেন। মাননীয় সভাপতি ছাত্রছাত্রীদের সম্বোধন করিয়া রাষ্ট্রভাষা শিক্ষার উপযোগিতা বিশদভাবে বুঝাইয়া দেন। এ সেসনে বহু ছাত্রছাত্রী রাষ্ট্রভাষাবর্গে ভর্ত্তি হইয়াছেন ও হইতেছেন। ধন্যবাদের পর সভা বিসর্জ্জন হয়।

---

## জঙ্গিপুর কলেজ

—•—

কলেজ কর্ত্তৃপক্ষ দুইটি সুপরিসর দ্বিতল ছাত্রাবাস নির্ম্মাণ, কলেজ ইমারতের পুনরায় সম্প্রসারণ, বাইওলজি বিষয় প্রবর্ত্তন, বি, এ, ক্লাসের ব্যবস্থা এবং কলেজ লাইব্রেরীর সমৃদ্ধিসাধন—এই সকল পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনাগুলি অবিলম্বে বাস্তবে রূপায়িত করিবার জন্য কর্ত্তৃপক্ষ সময়োপযোগী প্রয়োজনীয় যাবতীয় ব্যবস্থা অবলম্বন করিয়া আসিতেছেন। আশা করা যায় সরকার বিভিন্ন খাতে অর্থ সাহায্য করিবেন। কিন্তু তাহা ছাড়াও কর্ত্তৃপক্ষকে সরকারী সাহায্যের সর্ত্তানুযায়ী প্রচুর অর্থ সংগ্রহ করিতে হইবে। এতৎকল্পে কলেজ কর্ত্তৃপক্ষ একটী লটারী অনুষ্ঠানের ব্যবস্থা করিতেছেন। এই প্রচেষ্টা সাফল্যমণ্ডিত করিবার জন্য মহকুমার বিদ্যোৎসাহী জনসাধারণের আন্তরিক সক্রিয় সহানুভূতি অপরিহার্য্য।

---

## বাটী ও জমি বিক্রয়

রঘুনাথগঞ্জে সদর রাস্তা ও ম্যাকেঞ্জি পার্ক রোডের মোড়ে অবস্থিত একখানি দ্বিতল বাটীর বিভক্ত অর্দ্ধাংশ এবং ফৌজদারী কোর্টের পূর্ব্বে গঙ্গার ধারে ১৮ বিঘা ও ৯ বিঘা দুই প্লট জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীরঘুনাথ বড়াল,
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৬ই নভেম্বর ১৯৫৩

### ১৯৫২ সালের ডিক্রীজারী

৩৮০ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং মোজাফর হোসেন বিশ্বাস দিং দাবি ৬২৷৶০ থানা সুতি মৌজে লোকাইপুর ৩-০৮½ শতকের কাত ৮৸/২ আঃ ১২০৲ থং ১১৬

৫৪২ থাং ডিঃ শিবরাণী দেবী দেং পঙ্কজকুমার সাহা দিং দাবি ১২০৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ৩-৫৯ শতকের কাত ৩২৷৶/২ আঃ ২৫৲ থং ১৮৪

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৮ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং শান্তিময় রায় চৌধুরী দিং দাবি ৫১৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৩২ শতকের কাত ৪৷/০ আঃ ১০৲ থং ২৬৬ রায়ত স্থিতিবান।

*উপরের ৩৮ থাজনা জারী গত ১৩ই আশ্বিন তারিখের কাগজে ছাপা হইয়াছিল, কিন্তু ডিক্রীদারের নাম ভুল হওয়ায় উহা পুনরায় ছাপান হইল।

২১৪ থাং ডিঃ গোবিন্দদাস নাথ দেং গৌরীশঙ্কর সিংহ দিং দাবি ২০৶৩ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে ঘোড়শালা ১-৯৬ শতকের কাত ২৷৵৬ পাই আঃ ৪০৲ থং ৪৮৩

২৪২ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং তারাসুন্দরী দেবী দাবি ১৮/৬ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ২৩ শতকের কাত ২৲ আঃ ১০৲ রায়ত স্থিতিবান থং ৩০০

১৬৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং সুরেন্দ্রনাথ দাস দিং দাবি ৫৩৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২৭ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ থং ১৮৮

১৭১ থাং ডিঃ ঐ দেং জয়লাল মণ্ডল দিং দাবি ১৪৫৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামেশ্বরপুর ও রামদেবপুর ৫-১২ শতকের কাত নিজাংশে ৫৲ আঃ ২৫৲ থং ১১৮, ২৮৫

১৭৩ থাং ডিঃ ঐ দেং দুলুপদ বারিক দিং দাবি ৫৩/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকেন্দরা ৩৫ শতকের কাত নিজাংশে ১/০ আঃ ৭৲ থং ৪৭৪

১৭৪ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং জহেক সেথ দিং দাবি ৪১৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ৫৮ শতকের কাত নিজাংশে ৸০ আঃ ৫৲ থং ২৩৭

৩২৫ থাং ডিঃ ব্রজগোপাল সেন দেং সওকত আলি সেথ দিং দাবি ৩০৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বারালা ৪০ শতকের কাত ২৷৶/১ আঃ ৮৲ থং ১৫৬৬

৩০২ থাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেং ভক্তিভূষণ রায় দিং দাবি ৫৭৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ২-০৬ শতকের কাত ৬৷১০ আঃ ৫৲ থং ২১৯

৩০৬ থাং ডিঃ ঐ দেং দেলজান বিবি দিং দাবি ১৮৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৪২ শতকের কাত ১৷৵৩ আঃ ৫৲ থং ৩৬১

২৫৪ থাং ডিঃ রুদ্রমোহিনী বর্ম্মণ্যা দিং দেং সেবাইত মণিমোহন চৌধুরী দাবি ৬০৷০ থানা সুতী মৌজে বাগডাঙ্গা ১০-৩১ শতকের মুনফা ১৫৷১¾ আঃ ২০৲ থং ৮ পত্তনী স্বত্ব।

২১২ থাং ডিঃ কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং রাজেন্দ্রনাথ সাহা দাবি ৯৯৸৶০ থানা সুতী মৌজে উমরাপুর ৩-৪৭ শতকের কাত ১০৷৶৬ আঃ ৫০৲ থং ১১৮৬

১৬৯ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং তিনকড়ি রজক দাবি ২০৷৶৬ থানা সুতি মৌজে মহেশাইল ১৪ শতকের কাত ১৷৶/৪ নিজাংশে ৷৶৬ আঃ ১০৲

১৭০ থাং ডিঃ ঐ দেং তালিমন বিবি দিং দাবি ৪৩৲৩ মৌজাদি ঐ ২-১৯ শতকের কাত ৭৸০ আঃ ২০৲

১৯২ থাং ডিঃ ঐ দেং ভুটু মাঝি দিং দাবি ৩১৸০ মৌজাদি ঐ তপশীল লিখিত সম্পত্তি জমা ৪৷০ নিজাংশে ১৶/১০ আঃ ১০৲

২০১ থাং ডিঃ ঐ দেং সেহেরুদ্দিন বিশ্বাস দাবি ৪৯৸/০ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ৪৵০ নিজ অংশে ১৵/২ আঃ ২০৲

১৯৬ থাং ডিঃ ঐ দেং কাশিম বিশ্বাস দিং দাবি ৫৫৷৩ থানা সুতি মৌজে জলঙ্গাপাড়া ৬২ শতকের কাত ৩৷৵৫ নিজাংশে ৷৮ পাই আঃ ১০৲ থং ৯৩১

১৯৭ থাং ডিঃ ঐ দেং গোলজান বিবি দিং দাবি ৫১/০ মৌজাদি ঐ ২৫১ শতকের কাত ৮৵/১০ নিজাংশে ১৷/৬ আঃ ১৫৲ থং ৮৪

১৯৯ থাং ডিঃ ঐ দেং জোবেদালী বিশ্বাস দাবি ৪৩৷৬ মৌজাদি ঐ ২-৪৮ শতকের কাত ৪৵০ নিজ অংশে ৷৶০ আঃ ১০৲ থং ২২

২০০ থাং ডিঃ ঐ দেং গোলজান বিবি দাবি ৩৫৶৯ মৌজাদি ঐ ১-৭৬ শতকের কাত ২৷০ নিজাংশে ৷৵৮ আঃ ৫৲ থং ২৩

১৫৫ থাং ডিঃ ঐ দেং আশুতোষ দাস দিং দাবি ২ ৸৵০ থানা সুতী মৌজে খিদিরপুর ২-১৮ শতকের কাত ৬৷৶১০ নিজাংশে ১/৫ আঃ ১০৲ থং ৯২

৫৯ মনি ডিঃ পঙ্কজকুমার রায় দেং বন্যেশ্বর দত্ত দিং দাবি ১৩৫৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উত্তর রমনা ২ একরের কাত ১৯৷১ দেন্দারগণের ⅔ অংশে ১-৩৪ শতকের কাত ১৩৲ আঃ ১০২৲ থং ৪৯২ রায়ত স্থিতিবান। ২নং লাট ঐ মধ্যে ২-৫৪ শতকের কাত ৩/১ আঃ ২০৮৲ থং ৭৮৩ ৩নং লাট ঐ মধ্যে ২-৯৭ শতকের কাত ১১৷৶৩ রেকর্ডভুক্ত জমা ৯৸৵৬ আঃ ২৫৫৲ থং ৪৮৭ ৪নং লাট ঐ মধ্যে ১১-৮৫ শতকের কাত ৩৩৷০ দেন্দারগণের ⅔ অংশে ৭-৯০ শতকের কাত ২২৵/৮ আঃ ৬৫০৲ থং ৪৮৫ অধীনস্থ থং ৪৮৬

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ২৩শে নভেম্বর ১৯৫৩

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

১৩৫ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং মতিউল্লা বিশ্বাস দিং দাবি ৩৩৶৬ থানা সাগরদীঘি মৌজে ভুমিহর ১-২৪ শতকের কাত ৭৵০ আঃ ২০৲ থং ৬৩৯

১৩৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬০৵০ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত ৮৷০ আঃ ৪০৲ থং ৬৬৩

১৩৮ থাং ডিঃ ঐ দেং নলিনীকুমার চৌধুরী দিং দাবি ৩৭৷৬ থানা ঐ মৌজে খেরুর ২-৬২ শতকের কাত ৮৸৬ আঃ ২৫৲ থং ১৮৮

২৩৯ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং মোসাম্মাত বিবি কুরফা খাতুন দাবি ৩০৸৶৬ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ১-২১ শতকের কাত ৩৷৴০ আঃ ২০৲ খং ১১৮

২৪৭ থাং ডিঃ ঐ দেং চাম্পালাল সেরাওগী দিং দাবি ৩৪৸৶৯ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ৯৲ আঃ ৩০৲ খং ২৪০

২৪৮ থাং ডিঃ ঐ দেং দুলুপদ মজুমদার দিং দাবি ২১৶৩ মৌজাদি ঐ ৩-৩ শতকের কাত ৭৶১৫ আঃ ১৫৲ খং ৫৪

২৫১ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণউন্মাদিনী দাসী দাবি ৩১৷৴৩ মৌজাদি ঐ ৩-১৮ শতকের কাত ৭৸৵০ আঃ ২০৲ খং ১৮৬

২৫৩ থাং ডিঃ ঐ দেং নিরঞ্জন মুখার্জ্জি দিং দাবি ৫৬৶৩ মৌজাদি ঐ ৫-৮৭ শতকের কাত ১৫৷১ আঃ ৫০৲ খং ২৩৭

২৪০ থাং ডিঃ ঐ দেং প্রমীলাবালা ঘোষ দাবি ৩৯৷৴৬ থানা ঐ মৌজে হলদী ৭-১৪ শতকের কাত ২১৷০ আঃ ৩০৲ খং ১৯৯

২৪১ থাং ডিঃ ঐ দেং দিগম্বর চট্টোপাধ্যায় দিং দাবি ১৫৮৸৵৯ থানা ঐ মৌজে জিনদীঘি ৭-৩৯ শতকের কাত ৩৪৷৴১০ আঃ ১২৫৲ খং ২১

২৪৯ থাং ডিঃ ঐ দেং মনোজমোহন বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১০৭৸৵০ মৌজাদি ঐ ১০-৯১ শতকের কাত ৬৮৷৵৫ আঃ ৫০৲ খং ৮১

২৫২ থাং ডিঃ ঐ দেং কোবাদ মিস্ত্রী দাবি ৩৯৸৶৬ মৌজাদি ঐ ২-০৯ শতকের কাত ১০৷৶০ আঃ ২৫৲ খং ৭০

২৪৪ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দে দিং দাবি ৩৪৷৵০ থানা সাগরদীঘি মৌজে সূর্য্যপুর ১-৯৪ শতকের কাত ১৮৵১০ গণ্ডা আঃ ২৫৲ খং ৭০

২৪৬ থাং ডিঃ ঐ দেং সেং বিভূতিভূষণ দে দিং দাবি ২৮৷৬ মৌজাদি ঐ ২-৭ শতকের কাত ১৩৵০ আঃ ২৫৲ খং ২৩

২৫০ থাং ডিঃ ঐ দেং সেখ আবদুল রসিদ দিং দাবি ৬৮৸৵৯ মৌজাদি ঐ ৩-২১ শতকের কাত ১৫৸০ আঃ ৩০৲ খং ২৫

২৪৫ থাং ডিঃ ঐ দেং নুরুল আজিম মিঞা দাবি ২৪৵০ থানা ঐ মৌজে গোকুলতা ৮৯ শতকের কাত ৫৷০ আঃ ২০৲ খং ১৩০

২৩৭ থাং ডিঃ সেবাইত রাজা কমলারঞ্জন রায় দেং সুপোলচন্দ্র হাজরা দিং দাবি ১৭৷৵০ থানা সাগরদীঘি মৌজে বলরামবাটী ৬৬ শতকের কাত ১৷৶০ আঃ ১০৲ খং ২৬০

২৫৮ থাং ডিঃ ঐ দেং শ্বেতবরণী দাসী দাবি ২১৷৶৬ থানা ঐ মৌজে আরাজি বলরামবাটী ৪৩ শতকের কাত ২৷৴০ আঃ ১০৲ খং ১৩০

২৫৪ থাং ডিঃ তারাপ্রসন্ন চট্টোপাধ্যায় দেং কমলিনী দেবী দিং দাবি ৪৯৷৴৩ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৩-৩৩ শতকের কাত ১৩৷৴১০ আঃ ১০৲ খং ৫৯০

২৫৫ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং উন্মাদিনী বৈষ্ণবী দাবি ২৮৻৬ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১-০৯ শতকের কাত ৫৸৵৫ আঃ ১০৲ খং ৪৪

২৫৬ থাং ডিঃ ঐ দেং ভক্তিভূষণ প্রামাণিক দিং দাবি ২৮৷৬ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ২-৯৪ শতকের কাত ৫৷৶৬ আঃ ১০৲ খং ১১৮

২৫৭ থাং ডিঃ ঐ দেং ষোড়শীবালা দেবী দাবি ১৪৷৴৩ মৌজাদি ঐ ১-০৫ শতকের কাত ৩৷০ আঃ ১০৲ খং ২৬১

১৯৫ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং গৌরপদ সাহা দিং দাবি ১৯৷৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ২৷১ কাঠার কাত ৯৶১০ মহকুপ রসদ ৩৲ বাদে ৬৶১০ আঃ ১০৲ খং ১৯২৷১৯৩

১৩৪ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং জহেক সেখ দিং দাবি ১৭৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ৫৯ শতকের কাত ২৷৶৯ আঃ ১০৲ খং ১৮৩৷১

১৭০ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দিং দাবি ২৬৷৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ১০৩ শতকের কাত ৫৷৴১১ আঃ ১০৲ খং ২৬৪

১৮ মনি ডিঃ তরুলতা দেবী দেং চুরকা মাঝি দাবি ২৬৪৵৬ থানা সাগরদীঘি মৌজে যাদবপুর ১০৮ শতকের কাত ৷৸৩ আঃ ১০৫৲ খং ৫৫০ ২নং লাট ঐ মধ্যে ১-৪৩ শতকের কাত ১৵৩ আঃ ১০৫৲ খং ৫৪৭

---

## টিউবওয়েল আবশ্যক

রঘুনাথগঞ্জ—জঙ্গিপুর রোড ষ্টেশন রাস্তার মধ্যস্থলে খড়খড়ি নদীর অপর পারে বহুদিন হইতে একটী টিউবওয়েল ছিল। গোপালনগর গ্রামের অধিবাসিগণ ও অগণিত পথচারী উহার জল পান করিত। প্রায় দেড় বৎসরের অধিক কাল উহা নষ্ট হইয়া বন্ধ আছে। আমরা ঐ স্থানের টিউবওয়েলটী স্থাপনের জন্য জঙ্গিপুরের সহৃদয় মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## সর্প দংশন

গতকল্য রাত্রিতে জঙ্গিপুরের এস. ডি. পি. ও. অফিসের আরদালী শ্রীঢোঁড়ারাম রাউত নামক জনৈক কনেষ্টবলকে রঘুনাথগঞ্জ পাঠশালার সম্মুখে রাস্তার উপরে বিষধর সর্পে দংশন করে। তৎপরতার সহিত মুরগী বসাইয়া চিকিৎসা করার ফলে কনেষ্টবলটী ভাল আছে।

---

## ট্রেণের সময় পরিবর্ত্তন

গত ১লা অক্টোবর হইতে ট্রেণের সময় কিছু পরিবর্ত্তন হইয়াছে। জঙ্গিপুর রোড ষ্টেশনে ট্রেণ আসার সময় নিম্নে প্রদত্ত হইল।

ডাউন ট্রেণ ( কলিকাতা অভিমুখে )

৩৩৪ নং ট্রেণ সকাল ৭-৫৫ মিনিটে<br>
২ এ. ডি. „ দুপুর ১১-৫৪ „<br>
৩৮০ নং „ সন্ধ্যা ৬-৩৩ „

আপ ট্রেণ ( ধুলিয়ান অভিমুখে )

৩৭৯ নং ট্রেণ সকাল ৮-৪৭ মিনিটে<br>
৩৩৩ „ „ বৈকাল ৩-৩৯ „<br>
১ এ. ডি. „ রাত্রি ১-৪৮ „

---

# সংবাদ গীতিকা

( কীর্ত্তন )



( হরি ব'লে আমার গৌর নাচে—সুরে )

বদন ভ'রে বল সবে স্বাধীন মোরা !
স্বাধীন মোরা, স্বাধীন মোরা, নাইকো কেহ
মোদের জোড় !

স্বাধীন মোরা নইকো—এটা বলিবে কার সাধ্য ?
শঙ্কর নিজে কঙ্কর হ'য়ে ভাতে রইতে বাধ্য !
ভোজনে বসিয়া সবে লভি কি আনন্দ !
যখন ভাতের থালা কাছে আসে, আহা কিবা গন্ধ !
চালের কাঁকর বাছতে রোজই দু'ঘণ্টা দরকার।
এইভাবে বেকার সমস্যা ঘুচাবেন সরকার !
নির্গন্ধ নিষ্কাঁকর চাউল আস্‌তো বাহির হ'তে—
ডালকুত্তাদল হুকুম পেয়ে বস্‌লো পথে পথে !
নির্ব্বাচনে চব্বিশ হাজার ভোট পেলো যে কম—
সেই রাগেতে হলো এবার দেশের লোকের যম !
কাঁকর-ভরা, গন্ধকরা, চাল ক'রে আমদানী,
বেঁচে থাকতে দিবে না আর দেশের মহাপ্রাণী !
খাদ্য-সমস্যাটা তাতেই করতে সমাধান,
অক্ষয় অমর ক'রে এদের রাখবেন ভগবান !
পুরোহিত ব্রাহ্মণ যাঁহারা, তাঁরা চিরকাল,
বেঁধে আনেন কলা, মূলো, নৈবেদ্যেরই চাল।
আইনকর্ত্তারা লেলিয়ে তাদের ডালকুত্তাবাহিনী,
নাস্তানাবুদ করছে কেমন শুন সে কাহিনী।
সেকুলার রাষ্ট্রের অর্থ জানেন সবে কিবা !
হিন্দুর প্রতি অত্যাচার যা চলছে রাত্রি দিবা !

সূর্য্যকান্ত স্মৃতিতীর্থ পণ্ডিত মহাশয়,
(যান) শ্রাদ্ধ তরে যাদবপুরে যজমানের আলয়।
সঙ্গে ক'রে নারা'ণ শিলা নিয়ে গেছেন ব'লে,
ট্রামে বাসে যাননি তিনি গেছেন পায়ে চলে।
শ্রাদ্ধ সেরে অপরাহ্নে ফিরিছেন বাড়ীতে,
সনারায়ণ পাকড়া গেলেন ঢাকুরে ফাঁড়িতে।
নৈবেদ্যের যে ভিজা চাউল পৌনে দুসের হলো,
টালিগঞ্জ থানায় তাঁরে লইয়া চলিল।
গ্রেপ্তার হলেন স্মৃতিতীর্থ, যে কর্ম্ম করিলা !
থানার মালখানাতে জমা রইল নারাণ-শিলা।
তোমার খেলা তুমি জান প্রভু ভগবান !
থানার মালখানাতে হলো শালগ্রামের স্থান !
জামিন দিয়ে পণ্ডিত মশায় এসে নিজের বাড়ী,
নারায়ণের জন্য গেলেন কালীঘাটের ফাঁড়ি।
এসিষ্ট্যাণ্ট কমিশনার পঞ্চানন ঘোষাল,
দৈবক্রমে ছিলেন সেথা শালগ্রামের কপাল।
ব্যাপার শুনে ঘোষাল মশায় টালিগঞ্জ গিয়ে,
স্মৃতিতীর্থের শালগ্রামটী দিয়াছেন ফিরিয়ে।
বিচারাধীন মামলা ! কিছু বল্‌তে হয় না, জানি,
মন্তব্য যে করবে তাকেই পড়বে টানাটানি !
হিঁদুর ঠাকুর, হিঁদুর পুরুত সিকুলারিজমে
রক্ষা নাইকো ধরলো যখন স্বাধীনতা যমে।

# পশ্চিমবঙ্গে সরকারের

## ধান্য সংগ্রহ বন্ধ

### ১৪ই অক্টোবর হইতে সিদ্ধান্ত কার্য্যকরী হওয়ার কথা


### লেভি সংক্রান্ত সমুদয় মামলা প্রত্যাহার

কলিকাতা ২রা অক্টোবর—আগামী ১৪ই অক্টোবর হইতে পশ্চিম বাংলায় সরকারীভাবে ধান্য সংগ্রহ বন্ধ হইবে। সরকার লেভী প্রথায় খাদ্য শস্য সংগ্রহ প্রত্যাহার করিবার সঙ্কল্প করিয়াছেন। লেভী প্রথায় ধান্য সংগ্রহ ব্যাপারে যে মামলা চলিতেছে সরকার তাহা তুলিয়া লইবেন এবং এই সম্পর্কে যাহাদের গ্রেপ্তার করা হইয়াছে, ১৪ই অক্টোবরের মধ্যে তাহাদের মুক্তি দেওয়া হইবে। যাহাদের বিরুদ্ধে হিংসামূলক কার্য্যকলাপের অভিযোগ আছে, তাহাদের মুক্তি সম্পর্কে সরকার অবশ্য কোন সিদ্ধান্তে পৌঁছান নাই।


# অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে !
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কল্‌কাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।






**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেন্ট ঃ— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

**চা-সংসদে**

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।